# বাংলা বিভাগ অ্যালামনাই
# রাজশাহী বিশ্ববিদ্যালয়
# ৩য় সম্মিলন উৎসব
# ও
# দ্বিবার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী
# ২০ জুন, ২০২০

বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সম্মিলন উৎসব ও দ্বিবার্ষিক সাধারণ সভা গত ৫ ও ৬ মার্চ, ২০২০ বৃহষ্পতিবার ও শুক্রবার রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। দ্বিবার্ষিক সম্মিলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলা বিভাগ অ্যালামনাইয়ের প্রধান উপদেষ্টা ও জীবন সদস্য রাজশাহী বিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. আবদুল খালেক। উদ্বোধনের পর পুরুষ ও নারী সদস্যদের জন্য নির্ধারিত রাজশাহী সিল্কের পাঞ্জাবি ও শাড়ি পড়ে একটি বর্ণাঢ্য র‍্যালি ক্যাম্পাস প্রদক্ষিণ করার পর মূল উদ্বোধন অনুষ্ঠান শুরু হয়। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এম আবদুস সোবহান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপচার্য প্রফেসর চৌধুরী মোঃ জাকারিয়া ও উপ-উপাচার্য প্রফেসর আনন্দ কুমার।

<u>কার্যক্রম ও সিদ্ধান্তসমূহ</u> :

১। বাংলা বিভাগ অ্যালামনাইয়ের প্রয়াত সদস্যগণ এবং মহান মুক্তিযুদ্ধ, ভাষা আন্দোলন ও সকল গণতান্ত্রিক আন্দোলনের শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে উত্থাপিত শোক প্রস্তাব সর্বসম্মতক্রমে গৃহীত হয়।

২। উদ্বোধন অনুষ্ঠানে বাংলা বিভাগ অ্যালামনাই প্রবর্তিত কলাবিদ পুরস্কার, মোল্লাহ এবাদত হোসেন গবেষণা সাহিত্য পদক যথাক্রমে কবি আবুবকর সিদ্দিক ও প্রয়াত ড. খোন্দকার সিরাজুল হক-কে প্রদান করা হয়। পুরস্কার প্রাপ্তদের প্রতিনিধিগণ এ পুরস্কার আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন। এ ছাড়া অ্যালামনাইয়ের জীবন সদস্য বাংলা একাডেমি পুরস্কার প্রাপ্ত প্রফেসর ড. স্বরোচিষ সরকার ও প্রফেসর ড. রতন সিদ্দিকীকে এবং কবি মধুসুদন দত্ত পদকে ভূষিত প্রফেসর অনীক মাহমুদ-কে সভায় সম্মাননা প্রদান করা হয়। এছাড়া সাংস্কৃতিক কার্যক্রমে সাফল্য এবং ২০১৭ ২০১৮, ২০১৯ সালের বিভিন্ন বর্ষের পরীক্ষায় মেধার স্বাক্ষর রাখার জন্য মোট ২৪জন ছাত্র-ছাত্রীকে পুরস্কৃত করা হয়।

সার্টিফিকেট ক্রেস্ট ও সম্মাননা উপহার প্রদান ছাড়াও এসব পুরস্কারে সর্বমোট ২,৪১,০০০/- টাকা নগদ অর্থ পুরস্কার হিসেবে প্রদান করা হয়।

৩। বিকেলে সিনেট ভবনে সভাপতির সভাপতিত্বে অনুষ্ঠিত কার্যকরী অধিবেশনে সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ মতিহার বাংলা-৪এ প্রকাশিত প্রতিবেদন আনুষ্ঠানিকভাবে উত্থাপন করেন। প্রতিবেদন দুটির ওপর সদস্যদের প্রাণবন্ত আলোচনার পর সর্বসম্মতিক্রমে প্রতিবেদন দুটি গৃহীত হয়। কোষাধ্যক্ষের প্রতিবেদন অনুযায়ী ২০১৮ সালের ১লা জানুয়ারি থেকে ২০১৯ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত সম্পাদিত সংগঠনের সকল আয়-ব্যয় ও তহবিল প্রয়োগ বিবরণী সর্বসম্মতভাবে সভায় অনুমোদন দেয়া হয়।

৪। <u>বিশেষ আলোচনা:</u>

৪ তারিখ রাত ৮টার দিকে বাংলা বিভাগের সভাপতি ও বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক প্রফেসর পি এম সফিকুল ইসলামের কক্ষে বাংলা বিভাগ অ্যালামনাইয়ের একজন জ্যেষ্ঠ সদস্য পূর্বাপর কারণ ছাড়া হঠাৎ করে উত্তেজিত হয়ে কক্ষে উপস্থিত অ্যালামনাইয়ের সিনিয়র সদস্যদের লক্ষ্য করে অ্যালামনাই নেতৃবৃন্দ সম্পর্কে উচ্চস্বরে অশোভন মন্তব্য করতে থাকেন যা অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি করে। এ অপ্রীতিকর পরিস্থিতি সম্পর্কে কার্যকরী অধিবেশনে বিস্তারিত আলোচনা হয়। সভায় অভিমত প্রকাশ করা হয় যে অ্যালামনাই গঠিত হয়েছে সদস্যদের মধ্যে পারষ্পরিক সৌহার্দ্য বৃদ্ধির জন্য। অ্যালামনাইয়ের একজন জ্যেষ্ঠ সদস্য হিসেবে সভা তাঁর নিকট থেকে দায়িত্বশীল আচরণ প্রাত্যাশা করে। পরষ্পরের প্রতি সদাচার ও শ্রদ্ধাপূর্ণ সম্পর্ক স্থাপনে ভূমিকা রাখার জন্য সকল সদস্যকে সভা থেকে আহ্বান জানানো হয়।

৫। পূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সাধারণ সদস্যদের দেড় হাজার টাকা দিয়ে জীবন সদস্য গ্রহণের সুযোগ (বকেয়া চাঁদার চেয়েও কম অর্থ দিয়ে) উন্মুক্ত রাখার সিদ্ধান্ত হয়। জীবন সদস্যদের চাঁদা ৪,০০০ থেকে ৫,০০০ টাকা বৃদ্ধির পূর্ববর্তী সিদ্ধান্ত কার্যকর করার তারিখ নির্ধারণে পরবর্তী কার্যনির্বাহী পরিষদ ব্যবস্থা নিবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।

৬। সুষ্ঠুভাবে সম্মিলন আয়োজন ও উন্নত মানের খাবারের ব্যবস্থা গ্রহণের জন্য সম্মিলন উৎসব উদযাপন কমিটি এবং আপ্যায়ন অভ্যর্থনা ও খাদ্য কমিটিসহ সংশ্লিষ্ট সকল কমিটি ও সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

৭। সন্ধ্যায় মুক্ত অনুষ্ঠান এবং বাংলা বিভাগের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়।

৮। ০৬ মার্চ বেলা ১১টায় বাঙালির মুক্তি: বিদ্যাসাগর ও বঙ্গবন্ধু শীর্ষক সেমিনার প্রফেসর ড. আবদুল খালেক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রফেসর কামরুজ্জামান সেমিনারের মূল প্রতিপাদ্য উপস্থাপন করেন। আলোচনা করেন প্রফেসর রতন সিদ্দিকী ও প্রফেসর সরওয়ার মুর্শেদ।

০৯। বিকেল চারটায় গঠিত নির্বাচন কমিশনের পরিচালনায় ২০২০ ও ২০২১ সালের জন্য কার্যনির্বাহী পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রত্যেক পদে ১জন করে প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করায় প্রফেসর পিএম সফিকুল ইসলাম ও ড. আমিনুর রহমান সুলতান যথাক্রমে সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক হিসেবে এবং অন্যান্য পদের প্রার্থীগণ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

০৬ মার্চ সন্ধ্যায় মুক্ত অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‍্যাফেল ড্র-র মাধ্যমে তৃতীয় সম্মিলন উৎসবের সফল সমাপ্তি হয়।

২০/০৬/২০২০

প্রফেসর ড. পি, এম, সফিকুল ইসলাম
সাধারণ সম্পাদক
বাংলা বিভাগ অ্যালামনাই

২০/০৬/২০২০

আপেল আবদুল্লাহ্
সভাপতি
বাংলা বিভাগ অ্যালামনাই